রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, জানুয়ারি ১৩, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ**

**মুদ্রণ ও প্রকাশনা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৪ পৌষ, ১৪২১ বঙ্গাব্দ/০৭ জানুয়ারি, ২০১৫ খ্রিস্টাব্দ

**নং ০২-২৮.০২.০০০০.০১২.০৩.০০৯.১০-অনুবাদ-২০১৫**—সরকারি, কার্যবিধিমালা, ১৯৯৬ এর প্রথম তফসিল (বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভাগের মধ্যে কার্যবন্টন) এর আইটেম ২৯(খ) এর ক্রমিক ৫ ও ৮ এবং মন্ত্রিপরিষদ বিভাগের বিগত ০৩-০৭-২০০০ ইং তারিখের সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্তে “তৈল এবং গ্যাস উন্নয়ন কর্পোরেশন (রহিতকরণ) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৭০ নং আইন)” বাংলা অনুবাদ সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করিল।

**মোহাম্মদ দেলোয়ার হোসেন**
সহকারী সচিব।



**মূল্য ঃ** টাকা ৪.০০

# তৈল এবং গ্যাস উন্নয়ন কর্পোরেশন (রহিতকরণ) আইন, ১৯৭৪
## (১৯৭৪ সনের ৭০ নং আইন)

**[ ২৮ নভেম্বর, ১৯৭৪ ]**

**তৈল এবং গ্যাস উন্নয়ন কর্পোরেশন অধ্যাদেশ, ১৯৬১ রহিতকরণকল্পে প্রণীত আইন।**

যেহেতু তৈল এবং গ্যাস উন্নয়ন কর্পোরেশন অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সনের ৩৭ নং অধ্যাদেশ), রহিত করা এবং উক্তরূপ রহিতকরণের সহিত সংশ্লিষ্ট বিষয়াদির জন্য বিধান করা সমীচীন;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন তৈল এবং গ্যাস উন্নয়ন কর্পোরেশন (রহিতকরণ) আইন, ১৯৭৪ নামে অভিহিত হইবে।

(২) এই আইন ২২ আগস্ট, ১৯৭৪ তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **রহিতকরণ, ইত্যাদি**।—(১) এই আইন প্রবর্তনের সঙ্গে সঙ্গে,—

(ক) তৈল এবং গ্যাস উন্নয়ন কর্পোরেশন অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সনের ৩৭ নং অধ্যাদেশ), অতঃপর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লিখিত, রহিত হইল;

(খ) এই অধ্যাদেশের অধীন প্রতিষ্ঠিত তৈল এবং গ্যাস উন্নয়ন কর্পোরেশন, অতঃপর উক্ত কর্পোরেশন বলিয়া উল্লিখিত, এর সকল উদ্যোগ (undertaking) বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্টারপ্রাইজেস (জাতীয়করণ) আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের পি, ও নং ২৭) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ তৈল এবং গ্যাস কর্পোরেশন, অতঃপর বাংলাদেশ কর্পোরেশন বলিয়া উল্লিখিত, এর নিকট হস্তান্তরিত এবং ন্যস্ত হইবে;

**ব্যাখ্যা**—উদ্যোগ (undertaking) অর্থে সকল প্রকল্প, পরিসম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব ও বিশেষ অধিকার এবং স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ, তহবিল, বিনিয়োগ, লিজ, লিজহোল্ড, লাইসেন্স ও পূর্তকর্ম এবং উক্ত সম্পত্তিতে বা উহা হইতে উদ্ভূত অন্য সকল অধিকার ও স্বার্থ এবং অ্যাসাইনযোগ্য চুক্তির সকল স্বার্থ ও সুবিধা ইত্যাদি অন্তর্ভুক্ত হইবে;

(গ) দফা (খ) এর অধীন হস্তান্তরিত উদ্যোগ (undertaking) এর সহিত সম্পর্কিত উক্ত কর্পোরেশন কর্তৃক, কর্পোরেশনের সহিত বা কর্পোরেশনের পক্ষে সম্পাদিত সকল ঋণ, বাধ্যবাধকতা এবং দায়-দায়িত্ব, সম্পাদিত চুক্তি এবং সম্পাদিতব্য সকল কার্য কর্পোরেশন কর্তৃক, কর্পোরেশনের সহিত বা কর্পোরেশনের পক্ষে গৃহীত বা সম্পাদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(ঘ) দফা (খ) এর অধীন হস্তান্তরিত উদ্যোগ (undertaking) এর সহিত সম্পর্কিত উক্ত কর্পোরেশন কর্তৃক বা কর্পোরেশনের বিরুদ্ধে দায়েরকৃত সকল মামলা, মোকদ্দমা এবং অন্যান্য আইনগত কার্যধারা বাংলাদেশ কর্পোরেশন কর্তৃক বা বাংলাদেশ কর্পোরেশনের বিরুদ্ধে দায়েরকৃত মামলা, মোকদ্দমা বা আইনগত কার্যধারা বলিয়া গণ্য হইবে এবং তদানুযায়ী উহার কার্যক্রম অব্যাহত থাকিবে অথবা অন্য কোনভাবে নিষ্পত্তি হইবে;

(ঙ) দফা (খ) এর অধীন হস্তান্তরিত উদ্যোগ (undertaking) এর সহিত সংশ্লিষ্ট উক্ত কর্পোরেশনে কর্মরত সকল কর্মকর্তা, উপদেষ্টা, পরামর্শক এবং অন্যান্য কর্মচারীগণের চাকুরী বাংলাদেশ কর্পোরেশনে বদলি হইবে এবং তাহারা কর্পোরেশন কর্তৃক নির্ধারিত পদনামের কর্মকর্তা, উপদেষ্টা, পরামর্শক এবং কর্মচারী হইবেন এবং এইরূপ বদলির পূর্বে চাকুরীর যে শর্তাবলীর অধীন নিয়োজিত ছিলেন, উক্ত কর্পোরেশন কর্তৃক উহা পরিবর্তন না করা পর্যন্ত একই শর্তে নিয়োজিত থাকিবেন এবং অনুরূপ কোনো কর্মকর্তা, উপদেষ্টা, পরামর্শক অথবা কর্মচারী বদলির কারণে কোনো ক্ষতিপূরণ পাইবার যোগ্য হইবেন না।

(২) উপ-ধারা (১) এ নির্ধারিত বিষয়ের সহিত সম্পৃক্ত কোন জটিলতা নিরসনকল্পে সরকার যেরূপ সমীচীন মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিতে পারিবে এবং উক্তরূপ আদেশ এই আইনের বিধানাবলির অংশ এবং তদানুযায়ী প্রযোজ্য বলিয়া গণ্য হইবে।

৩। **১৯৭৪ সনের ১৭ নং অধ্যাদেশ রহিতকরণ, ইত্যাদি।**—(১) The Oil and Gas Development Corporation (Repeal) Ordinance, 1974 (Ord. XVII of 1974), এতদ্দ্বারা রহিত হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত অধ্যাদেশের অধীন কৃত কোন কাজকর্ম বা গৃহীত কোন ব্যবস্থা বা প্রদত্ত কোন আদেশ এই আইনের বিধানের অধীন কৃত বা গৃহীত বা, ক্ষেত্রমতে, প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd